**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ রাজ্যের ধর্মীয় সংখ্যালঘু দরিদ্র পরিবারের জন্য নতুন প্রকল্প মুখ্যমন্ত্রী সংখ্যালঘু উন্নয়ন প্রকল্পের সূচনা করেছেন।**
**(২) সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় বলেছেন, আত্মনির্ভর নারীরাই একটি আত্মনির্ভর রাজ্য ও দেশ গঠন করতে পারবে।**
**(৩) কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ জল জীবন মিশনের মেয়াদ ২০২৮ সালের ডিসেম্বর পর্যন্ত বাড়ানোর অনুমোদন দিয়েছে।**
**(৪) মহারাষ্ট্রের রাজ্যপাল হিসেবে শপথ গ্রহণ করেছেন যীষ্ণু দেববর্মা।**

******************************************

**CM–Minority Scheme :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ রাজ্যের ধর্মীয় সংখ্যালঘু দরিদ্র পরিবারের জন্য নতুন প্রকল্প মুখ্যমন্ত্রী সংখ্যালঘু উন্নয়ন প্রকল্পের সূচনা করেছেন। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী এই প্রকল্পের সূচনা করে সুবিধভোগীদের হাতে আর্থিক অনুদান তুলে দেন। এই প্রকল্প অনুযায়ী রাজ্যের ধর্মীয় সংখ্যা লঘু প্রায়োরিটিগ্রুপ, এডহক প্রায়োরিটি গ্রুপের ১৫০০ পরিবারকে হাঁস, মুরগী, পশু পালন, ছোট ব্যবসা করার মাধ্যমে আত্মনির্ভরশীল হওয়ার লক্ষ্যে ১০ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেবার সংস্থান রাখা হয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার নতুন ত্রিপুরা গড়ার লক্ষ্য নিয়ে কাজ করছে।
অনুষ্ঠানে ধর্মীয় সংখ্যালঘু মন্ত্রী শুক্লা চরন নোয়াতিয়াও সংখ্যালঘু সম্প্রদায়ের ছেলেমেয়েদের উপযুক্ত শিক্ষায় শিক্ষিত করে তোলার উপর গুরুত্ব দেন। তিনি সংখ্যা লঘু সমবায় উন্নয়ন নিগম থেকে যারা ঋণ নিয়েছেন তাদের

যথাসময়ে ঋন মিটিয়ে দেওয়ার জন্য অনুরোধ করেন। অনুষ্ঠানে ত্রিপুরা সংখ্যা লঘু সমবায় উন্নয়ন নিগম থেকে উচ্চ শিক্ষায় শিক্ষিত তিন ছাত্রছাত্রীর হাতে ঋণের চেক তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, আগরতলা পুর মেয়র দীপক মজুমদার, বিধায়ক তোফাজ্জেল হোসেন, ত্রিপুরা সংখ্যা লঘু সমবায় উন্নয়ন নিগমের চেয়ারম্যান জসীমউদ্দিন, ত্রিপুরা ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলী প্রমুখ।

**************************

**PM-CISF :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনীর সমস্ত কর্মীদের তাদের প্রতিষ্ঠা দিবসে শুভেচ্ছা জানিয়েছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে, প্রধানমন্ত্রী বলেন সি.আই.এস.এফ দেশজুড়ে গুরুত্বপূর্ণ পরিকাঠামো রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং কর্তব্যের প্রতি এই বাহিনীর অটল প্রতিশ্রুতি ভারতের নিরাপত্তা এবং অগ্রগতিতে ব্যাপক অবদান রাখে।

****************************

**International Womens Day :**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় বলেছেন, আত্মনির্ভর নারীরাই একটি আত্মনির্ভর রাজ্য ও দেশ গঠন করতে পারবে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর আয়োজিত রাজ্য ভিত্তিক আন্তর্জাতিক নারী দিবস অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মন্ত্রী বলেন রাজ্যের ও দেশের নারীরা এখন শিক্ষা, স্বাস্থ্য, ক্রীড়া থেকে শুরু করে সমাজের বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে পুরুষদের চাইতে এগিয়ে আছেন। তিনি বলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা নারী-পুরুষ নির্বিশেষে সবার সহযোগিতায় ত্রিপুরাকে একটি উন্নতর রাজ্য হিসেবে গড়ে তোলার উদ্যোগ নিয়েছেন। তিনি বলেন, রাজ্য সরকার নারীদের অধিকার সুরক্ষার উপর বিশেষ গুরুত্ব দিচ্ছে। এই ক্ষেত্রে নারীদের স্বাবলম্বী করে তোলার মাধ্যমে কেবল তাদের আত্মবিশ্বাসই বৃদ্ধি পাবে না বরং তাদের বিরুদ্ধে বিভিন্ন ধরণের সহিংসতার মাত্রাও হ্রাস পাবে। তিনি বলেন

রাজ্যের নারীদের আত্মনির্ভর করে তোলার জন্য স্বসহায়ক দল গঠন, মুখ্যমন্ত্রী কন্যা বিবাহ যোজনা, মুখ্যমন্ত্রী বালিকা সমৃদ্ধি যোজনা, শিক্ষা ক্ষেত্রে বিভিন্ন বৃত্তি প্রদান সহ বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে সরকার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপারসন ঝর্ণা দেববর্মা, শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা। অনুষ্ঠানে বাল বিবাহ মুক্ত কর্মসূচিতে উল্লেখ যোগ্য সাফল্যের জন্য দক্ষিণ জেলা, সিপাহীজলা জেলা ও পশ্চিম জেলাকে পুরস্কৃত করা হয়।

************************

**JAL JIBAN MISSION :**

কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ জল জীবন মিশনের মেয়াদ ২০২৮ সালের ডিসেম্বর পর্যন্ত বাড়ানোর অনুমোদন দিয়েছে। নয়াদিল্লিতে সংবাদমাধ্যমকে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভা জল শক্তি মন্ত্রকের জল জীবন মিশনের বাস্তবায়ন পুনর্গঠন ও পুনর্নির্মাণের প্রস্তাব অনুমোদন করেছে। কাঠামোগত সংস্কারের উপর দৃষ্টি নিবদ্ধ করে জল জীবন মিশনে  একটি অভিন্ন জাতীয় ডিজিটাল কাঠামো, "সুজলাম ভারত" প্রতিষ্ঠা করা হবে যার অধীনে প্রতিটি গ্রামকে একটি অনন্য সুজল গাঁও/পরিষেবা এলাকা আইডি বরাদ্দ করা হবে। এটি উৎস থেকে নল পর্যন্ত সম্পূর্ণ পানীয় জল সরবরাহ ব্যবস্থার ডিজিটালি মানচিত্র তৈরি  করবে।

**************************

**Rajib Bhattacharjee :**

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ রাজ্যসভায় ত্রিপুরার ক্যুইন আনারস চাষীদের ক্ষমতায়নের গুরুত্বপূর্ণ বিষয়টি তুলে ধরেন। পাশাপাশি, আনারস পার্ক স্থাপন, আধুনিক কোল্ড স্টোরেজ ব্যবস্থা গড়ে তোলা দাবি জানিয়েছেন তিনি। শ্রী ভট্টাচার্য বলেন, ত্রিপুরার জনজাতি কৃষকদের জীবিকা নির্বাহের অন্যতম প্রধান উৎস হলো কুইন আনারস চাষ। কিন্তু পর্যাপ্ত সংরক্ষণ ব্যবস্থা, প্রক্রিয়াকরণ সুবিধা এবং আন্তর্জাতিক বাজারে সরাসরি রপ্তানির

সুযোগের অভাবে কৃষকরা ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হচ্ছেন। এই প্রেক্ষাপটে তিনি ত্রিপুরায় একটি পূর্ণাঙ্গ আনারস পার্ক স্থাপন, আধুনিক কোল্ড স্টোরেজ ব্যবস্থা গড়ে তোলা এবং আনারস রপ্তানির ক্ষেত্রে বিশেষ উৎসাহবর্ধক উদ্যোগ গ্রহণের জন্য কেন্দ্র সরকারের কাছে দাবি জানান।

#####Byte-Rajib Bhattacharjee#####

***********************************

**HP Vaccine :**

উত্তর জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির উদ্যোগে জাতীয় স্বাস্থ্য মিশনের আওতায় জেলা স্তরের সেরা আশা কর্মী ও আশা সহায়িকাদের সম্মাননা প্রদান, জেলাস্তরে HPV টিকাদান কর্মসূচির সূচনা এবং আশা কর্মীদের মধ্যে ই-সাইকেল বিতরণ অনুষ্ঠান আজ ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতি ভবনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সূচনা করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সহকারী সভাধিপতি ভবতোষ দাস। উপস্থিত ছিলেন জেলাশাসক চাঁদনী চন্দ্রান, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ড: দীপক চন্দ্র হালদার, উৎকৃষ্ট কাজের নিরিখে পাঁচ জন আশা কর্মী ও তিন জন সহায়িকাকে সম্মাননা প্রদান করা হয় এবং ১০ জন আশা কর্মীকে ই-সাইকেল প্রদান করা হয় এবং উত্তর ত্রিপুরা জেলার স্তরের HPV ভ্যাকসিন প্রদানের কর্মসূচির সূচনা করা হয়।

******************************

**Central Agriculture Minister :**

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, গত দশ বছরে দেশে খাদ্যশস্য উৎপাদন ৪৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। আজ লোকসভায় প্রশ্নোত্তর পর্বে সম্পূরক প্রশ্নের উত্তরে শ্রী চৌহান বলেন, দেশ খাদ্যশস্য উৎপাদনে একটি নতুন মাইলফলক অর্জন করেছে, যা ৩৫৭ মিলিয়ন টনে পৌঁছেছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কৃষকদের সুবিধার্থে এবং

খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির জন্য বেশ কয়েকটি কৃষি সংস্কার ও নীতিমালা আনা হয়েছে।

****************************

**Minister Sudhanshu Das :**

মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন,অন্নদাতা কৃষকদের সার্বিক বিকাশে বর্তমান কেন্দ্র ও রাজ্য সরকার আন্তরিক। কেন্দ্রে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার প্রতিষ্ঠার পর দেশে কৃষি ও কৃষক কল্যাণে নানা কর্মসূচি রূপায়ণ করা হচ্ছে। আজ ঊনকোটি জেলার ফটিকরায় বাজার শেডে কৃষি দপ্তর এবং কৃষি বিজ্ঞান কেন্দ্রের যৌথ উদ্যোগে আয়োজিত কৃষি সহায়ক যন্ত্রপাতি বিতরণ অনুষ্ঠানের উদ্বোধনী ভাষণে তিনি একথা বলেন। অনুষ্ঠানে কৃষি যন্ত্রপাতি ছাড়াও "বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প"থেকে সুবিধাভোগীদের মধ্যে বাদ্যযন্ত্র বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুমতি দাস প্রমুখ।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Oath-Governor :**

মুম্বাইয়ের লোকভবনে আজ আনুষ্ঠানিকভাবে মহারাষ্ট্রের রাজ্যপাল হিসেবে শপথ গ্রহণ করেছেন যীষ্ণু দেববর্মা। মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ সহ মন্ত্রিসভার সদস্যদের উপস্থিতিতে বিচারপতি চন্দ্রশেখর তাঁকে শপথ বাক্য পাঠ করান।

#####Byte-Oath Taking#####

উল্লেখ্য যীষ্ণু দেববর্মা উত্তর-পূর্ব ভারতের একজন অভিজ্ঞ রাজনীতিবিদ এবং তাঁর দীর্ঘ রাজনৈতিক কর্মজীবন এবং ত্রিপুরার রাজনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য তিনি ব্যাপকভাবে পরিচিত। তিনি তেলেঙ্গানার রাজ্যপাল হিসেবে দায়িত্ব পালনের আগে ত্রিপুরার উপমুখ্যমন্ত্রী হিসেবে সাফল্যের সঙ্গে দায়িত্ব পালন করেন। ওই সময় তিনি অর্থ, পঞ্চায়েত, গ্রাম উন্নয়ন, বিজ্ঞান ও প্রযুক্তি সহ বেশ কয়েকটি দপ্তরের দায়িত্বে ছিলেন।

****************************

**IWD-Finance Minister :**

অর্থমন্ত্রী প্রনজিত সিংহ রায় বলেছেন, রাজ্যের মহিলারা স্বল্প সঞ্চয়ের মাধ্যমে নিজেদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। পাশাপাশি সমাজের সার্বিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছেন। আজ আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষ্যে আগরতলার প্রজ্ঞাভবনে ক্ষুদ্র সঞ্চয়, গোষ্ঠী বীমা ও প্রাতিষ্ঠানিক অর্থ অধিদপ্তরের উদ্যোগে আয়োজিত অর্থনৈতিকভাবে স্বাবলম্বী মহিলাদের সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে একথা বলেন তিনি। অর্থমন্ত্রী বলেন স্বল্প সঞ্চয় প্রকল্পগুলির মাধ্যমে মহিলাদের আর্থিক নিরাপত্তা বাড়ানোর পাশাপাশি তাদের আত্মনির্ভরশীল করে তোলার লক্ষ্য নেওয়া হয়েছে। এই সকল আর্থিক ভাবে স্বাবলম্বী মহিলাদের উৎসাহ দেওয়ার লক্ষ্য নেওয়া হয়েছে।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১.৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*************************